

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭১০

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ ইসলাম কাউকে হত্যা করা অবধারিত না করলে হারামের সীমানায় কোন কুরাইশী ব্যক্তিকে হত্যা করার ব্যাপারে নিষেধাজ্ঞা প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الزَّجْرِ عَنْ قَتْلِ القرشيّ فِي حَرَم اللَّهِ جَلَّ وَعَلَا دُونَ ارْتِكَابِهِ مَا يُوجِبُ الإسلام قتله

আরবী

3710 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ عَنْ يَحْيَى عَنْ زَكَرِيَّا قَالَ: حَدَّثَنِي عَامِرٌ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُطِيعٍ قَالَ: سَمِعْتُ مُطِيعًا يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ يَوْمَ فَتْحِ مَكَّةَ: (لَا يُقْتَلُ قُرَشِيُّ صَبْرًا بَعْدَ هَذَا الْيَوْمِ إِلَى يَوْمِ الْقِيَامَةِ) وَلَمْ يُدْرِكِ الْمُسْلِمُونَ أَحَدًا مِنْ كُفَّارِ قُرَيْشً غَيْرَ مُطِيعٍ وَكَانَ اسْمَهُ الْعَاصِ فَسَمَّاهُ رسول يُدْرِكِ الْمُسْلِمُونَ أَحَدًا مِنْ كُفَّارِ قُرَيْشً غَيْرَ مُطِيعٍ وَكَانَ اسْمَهُ الْعَاصِ فَسَمَّاهُ رسول الله مطيعاً.

الراوي : مُطِيع | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3710 | خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (2427 و 3243): م.

বাংলা

৩৭১০. মুতী'রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি মক্কা বিজয়ের দিন বলেছেন, "আজকের দিন থেকে কিয়ামত পর্যন্ত কোন কুরাইশী ব্যক্তিকে বেঁধে হত্যা করা যাবে না। আর মুসলিমগণ কুরাইশ কাফিরদের মাঝে মুতী' রাদ্যাল্লাহু আনহুকে ছাড়া আর কাউকে নাগালে পাননি। তার নাম ছিল আল আস। অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার নাম মুতী' রাখেন।"[1]

ফুটনোট

[1] ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৮২৬; তাবারানী আল কাবীর: ২০/৬৯৩; মুসনাদ আহমাদ: ৩/৪১২; তাহাবী,



মুশকিলুল আসার: ২/২২৭; হাকিম: ৪/২৭৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৩৯৯; হুমাইদী: ৫৬৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১৪/৪৯০; সহীহ মুসলিম: ১৭৮২; দারেমী: ২/১৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৭৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুতী (রা.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন